কার্পাসডাঙ্গায় পুুুলিশি অভিযানে এক মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

গতকাল শুক্রবার ভোর রাতে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজার এলাকা থেকে ৭ বোতল ফেন্সিডিল সহ হাসিবুল ইসলাম (৩২) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ।

গ্রেফতারকৃত হাসিবুল ইসলাম সীমান্তবর্তী মুন্সিপুর গ্রামের সানোয়ার হোসেনের ছেলে।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে ভোর সাড়ে ৪ টার সময় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সামনের রাস্তার ওপর অভিযান চালিয়ে ৭ বোতল ফেন্সিডিল সহ তাকে আটক করা হয়।

গ্রেফতারকৃতের নামে মাদক মামলা দিয়ে গতকালই দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করেছে বলে ক্যাম্পসূত্রে জানা গেছে।

মেপ্র/ আরপি

চুয়াডাঙ্গার নীলমণিগঞ্জে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলা নীলমণিগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়ে স্থানীয় হত দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে এলাকার ৫০০ শীতার্ত মানুষের হাতে কম্বল তুলে দেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বেসরকারি সংস্থা বুরো বাংলাদেশের আয়োজনে শীতবস্ত্র বিতরণ

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ সাদিকুর রহমান, মোমিনপুর ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার, বুরো বাংলাদেশের পাবনা বিভাগীয় ব্যবস্থাপক সাইদুর রহমান রিপন ও কুষ্টিয়া আঞ্চলিক ব্যবস্থাপক আবুল হোসেন মিঞা।

মেপ্র/ আরপি

কুড়ুলগাছিতে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছিতে ইউনিয়ন পর্যায়ে আন্ত:প্রাথমিক বিদ্যালয়ের দুইদিন ব্যাপি ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৩টার দিকে বুইচিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোঃ এনামুল করিম ইনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী শিক্ষা অফিসার সেলিম রেজা, প্রতিযোগীতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিব শাহানাজ বেগম। এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি সকল ইউপি সদস্যবৃন্দ ও ইউনিয়নের সকল বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

মেপ্র/ইএম

জীবননগরে পাঁচটিকে জরিমানা এবং দুটি ইটভাটা বন্ধ

নিয়মনীতি উপেক্ষা করে ইট প্রস্তুত করায় চুয়াডাঙ্গার জীবননগরে পাঁচটি ইটভাটাকে দুই লাখ ৮০ টাকা জরিমানা এবং অনুমোদনহীন দুটি ইটভাটা বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমাণ আদালতের বিচারক।

মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসনের এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিব্বির আহমেদ জীবননগরের পাঁচটি ভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, নিয়মনীতি উপেক্ষা করে ইটভাটা স্থাপন ও ইট প্রস্তুতের দায়ে জীবননগর উপজেলার এএনজেএম ব্রিক্সের মালিক জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলমকে দেড় লাখ, এআরবি ব্রিক্সের মালিক আরিফুজ্জামানকে ২০ হাজার, শাহ ইটভাটার মালিক এসএম শামীমকে ৩০ হাজার, সরকার ইটভাটার মালিক শাকিলুজ্জামানকে ৬০ হাজার এবং এমএআর ব্রিক্সের মালিক আসাদুল হককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় অনুমোদন না থাকায় এআরবি ব্রিক্স ও শাহ ইটভাটার কার্যক্রম বন্ধ করে দেয়া হয়।

মেপ্র/ইএম

আলমডাঙ্গায় ৫’শ হতদরিদ্রকে শীতবস্ত্র দান করলেন পুলিশ সুপার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গার প্রায় ৫’শ হতদরিদ্র মানুষের হাতে কম্বল বিতরণ করলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

গতকাল সোমবার বিকেলে আলমডাঙ্গা থানা চত্ত্বরে আনুষ্ঠানিক ভাবে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

আলমডাঙ্গা থানা পুলিশ ওই শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে। আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার কলিম উল্লাহ, আলমডাঙ্গা প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, আলমডাঙ্গা বণিক সমিতির সম্পাদক হাজী মীর শফিকুল ইসলাম ও আলমডাঙ্গা একাডেমির অধ্যক্ষ এনামুল হক।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ওসি (তদন্ত) গাজী শামীমুর রহমান।

মেপ্র/ আরপি

আলমডাঙ্গায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগের শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন

‘সময় এখন আমাদের, সময় এখন বাংলাদেশের’ এই প্রতিপাদককে সামনে রেখে বাংলাদেশ অর্থ মন্ত্রণালয়ের উদ্যেগে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে একযোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও আতশবাঁজির মাধ্যমে পালন করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১১ টায় উপজেলা পরিষদ চত্বর হতে র্যালি বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে আবারো একই স্থানে উপস্থিত হয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপজেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভায় আলমডাঙ্গা উপজেলা সমাজ সেবা অফিসার আফাজ উদ্দীনের উপস্থাপনায় ও উপজেলা নির্বাহি অফিসার লিটন আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন

আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সিমা শারমিন,

উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস-চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা মোহাম্মদ আলী জিন্নাহ, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত,

উপজেলা পল্লি উন্নয়ন কর্মকর্তা সাইলা শারমিন, উপজেলা মহিলা তথ্য আপা স্নিগ্ধা দাস, অগ্নি সেনা মুক্তিযোদ্ধা মইনুদ্দিন, আলমডাঙ্গা সরকারী কলেজের অধ্যক্ষ গোলাম সরোয়ার মিঠু, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ প্রমুখ।

মেপ্র/ আরপি

আলমডাঙ্গা পৌরসভায় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন উদ্বোধন

আলমডাঙ্গা পৌরসভার উদ্যোগে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন-২০২০ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ ঘটিকায় পৌর চত্বরে আনুষ্ঠানিক ভাবে ক্যাম্পেইন উদ্বোধন করেন পৌর মেয়র হাসান কাদির গনু।

এসময় উপস্থিত ছিলেন পৌরসভার প্যানেল মেয়র-১ সদর উদ্দিন ভোলা, প্যানেল মেয়র-২ জহুরুল ইসলাম স্বপন, কাউন্সিলর আলাল উদ্দিন, কাজী আলী আজগর সাচ্চু, আব্দুল গাফ্ফার, মতিয়ার রহমান ফারুক, ফারুক হোসেন, জাহিদুল ইসলাম ও মামুন অর রশিদ হাসান,

মহিলা কাউন্সিলর কল্পনা খাতুন, সামসাদ রানু, নূরজাহান খাতুনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও পৌর কর্মচারী আশরাফ আলী, টিকা পরিদর্শক বিল্লাল হোসেন, মুস্তাফিজুর রহমান, মাহফুজুর রানা সহ স্বাস্থ্য শাখার কর্মচারী ও পৌরসভার অন্যান্য কর্মচারীবৃন্দ।

আলমডাঙ্গা পৌরসভার ২৪টি স্থায়ী টিকা কেন্দ্রে, ৫টি ভ্রাম্যমান কেন্দ্র ও ১১টি অতিরিক্ত কেন্দ্রের ৩টি মোবাইল টিমে ১৩০জন স্বেচ্ছাসেবক পৌরসভার সকল কর্মচারীর মাধ্যমে ৬ থেকে ১১ মাস বয়সী শিশু ৭৫৫ জন ও ১ থেকে ৫ বছর বয়সী ৭০৪৪ জন শিশুর লক্ষ্য মাত্রায় ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হয়।

ক্যাম্পেইন পরিচালনায় পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীগণ সার্বিকভাবে সহযোগিতায় ছিলেন।

মেপ্র/ আরপি

চুয়াডাঙ্গার কুড়ুলগাছিতে যৌতুকের দাবিতে স্ত্রীকে নির্যাতন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামে যৌতুকের দাবীতে স্ত্রীকে অমানবিক নির্যাতন করেছে তার স্বামী মিল্টন। এছাড়াও বিভিন্ন সময় যৌতুক দাবি করে। এমন অভিযোগ করেছে নির্যাতিতা বিলকিছ।

গতকাল শনিবার বিকাল ৩ টার দিকে দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামের এ ঘটনা ঘটে। বিলকিছ নওগাঁ জেলার মান্দার উপজেলার কুসুমবা গ্রামে আব্দুস সামাদের মেয়ে।

নির্যাতিত গৃহবধূ বিলকিছ খাতুন জানান, কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামের আবু ছিদ্দিকের ছেলে মিল্টনের সাথে প্রায় দেড় বছর আগে বিয়ে তার বিয়ে হয়। বর্তমানে তিনি তিন মাসের অন্ত:সত্তা। যৌতুকের দাবীতে স্বামী মিল্টন তার উপর প্রায় অমানুবিক ও শারীরিক ভাবে নির্যাতন করে আসছে।

গৃহবধূর বাবা যৌতুকের টাকা বিয়ের পর নগদ দেড় লাখ টাকা দিলেও নতুন করে আবার চাপ দিতে থাকে টাকা দিতে রাজি না হওয়ায় নির্যাতনের মাত্রা আরো বাড়িয়ে দেয়। বর্তমানে তাকে বাড়ী ছাড়া করতে কৌশলে

স্বামী মিল্টন নানা ভাবে নির্যাতন করে। মিল্টনের স্ত্রী বিলকিছ নির্যাতন সহ্য করতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে ।

এদিকে অভিযুক্ত মিল্টনের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি আত্মগোপনে থাকায় কথা বলা সম্ভব হয়নি।

এ ব্যাপারে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে একটি লিখিত অভিযোগ করেছেন নির্যাতিতা বিলকিছ। তিনি চুয়াডাঙ্গা আদালতে মামলার প্রস্তুতি নিচ্ছেন।

চুয়াডাঙ্গায় শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রচারাভিযান শীর্ষক সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গায় শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রচারাভিযান শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে বেসরকারি সংস্থা আত্মবিশ্বাসের সভাকক্ষে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল, রূপান্তর ও আত্মবিশ্বাসের আয়োজনে এ সম্মেলনে সভাপতিত্ব করেন শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রচারাভিযান বিষয়ক জেলা অ্যাডভোকেসি কমিটির আহ্বায়ক অধ্যাপক সিদ্দিকুর রহমান।

বিশেষ অতিথি ছিলেন আত্মবিশ্বাসের নির্বাহী পরিচালক আকরামুল হক বিশ্বাস, রূপান্তরের কো-অর্ডিনেটর অসীম আনন্দ দাস, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন ও সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি।

মেপ্র/এমইএম

চুয়াডাঙ্গায় মাসব্যাপি বস্ত্র ও হস্তশিল্প মেলা শুরু

চুয়াডাঙ্গায় মাসব্যাপি বস্ত্র ও হস্তশিল্প মেলা শুরু হয়েছে। চুয়াডাঙ্গা টাউন ক্লাব মাঠে এ মেলার আয়োজন করা হয়েছে।

গতকাল বুধবার দুপুর ১টায় ফিতা কেটে ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মেলা পরিচালনা কমিটির সভাপতি আব্দুল কাদের, পরিচালক মোবারক উল্লাহ ডাবলু, আলহাজ্জ্ব জয়নাল আবেদীন, দেলোয়ার উদ্দিন জোয়ার্দ্দার দুলু, চুয়াডাঙ্গা সমবায় নিউমার্কেট ব্যবসায়ী সমিতির সভাপতি মাহফুজুর রহমান জোয়ার্দ্দার মিজাইল, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) লুৎফুল কবীর, ট্রাফিক ইন্সেপেক্টর আহসান হাবিবসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

ঢাকার মিরপুরের গণচেতনার আয়োজনে অনুষ্ঠিত বস্ত্র ও হস্ত শিল্পমেলার পরিচালক মোবারকউল্লাহ ডাবলু বলেন, চুয়াডাঙ্গায় ৪র্থ বারের মত এ মেলার আয়োজন করা করা হচ্ছে।

মেলায় পোশাক, গৃহস্থালী, সাজসজ্জা, খাবারসহ বিভিন্ন স্টলসহ দর্শকদের বাড়তি বিনোদনের জন্য থাকছে মিনি ট্রেন, টাইটানিক নৌকা, নাগরদোলা, ম্যাজিক চেয়ার।

মেলা প্রতিদিন বিকেল ৩টা থেকে শুরু হবে। মেলার উদ্বোধন শেষে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার মেলার স্টলগুলো ঘুরে দেখেন।

মেপ্র/ আরপি